

ঢাকা ওয়াসা

বিষয় : ওয়াসা ভবনের বিভিন্ন তলায় রক্ষিত ভাঙ্গা আসবাবপত্র, অপ্রয়োজনীয় মালামাল(MRS) এর মাধ্যমে পাগলা ভাঙারে প্রেরণ এবং বেইজমেন্টের আবর্জনা অপসারণ প্রসঙ্গে।

০১। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়াসা ভবনের বিভিন্ন তলায় পুরাতন অকেজো আসবাবপত্র ও মালামাল বিভিন্ন জায়গায় স্তপকৃত/ফেলে রাখা হয়েছে। এছাড়াও ওয়াসা ভবনের বেইজমেন্টসহ বিভিন্ন জায়গায় অনেক ময়লা-আবর্জনা (ভাঙ্গা কাঠের টুকরা ও ময়লা-আবর্জনা) যত্রতত্র ছড়িয়ে রয়েছে। বিশেষ করে ওয়াসা ভবনের কাঠের ও বোর্ডের ভাঙ্গা আসবাব পত্র সরিয়ে নেয়ার জন্য উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানসম্পদ ও প্রশাসন) মহোদয় মৌখিকভাবে অত্র বিভাগকে নির্দেশনা প্রদান করেছেন। ভাঙ্গা অপ্রয়োজনীয় মালামালগুলো যত্রতত্র ছড়িয়ে থাকার কারণে একদিকে যেমন ওয়াসা ভবনের সৌন্দর্য নষ্ট হচ্ছে তেমনি পুরাতন মালামালগুলো দ্রুত অপসারণ করা না হলে যে কোন সময় অগ্নিকাণ্ডের মতো বড় ধরনের দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে।

০২। উল্লেখকৃত মালামালগুলোর মধ্যে পুরাতন কাঠ ও বোর্ডের ভাঙ্গা আসবাবপত্র সমূহ এমআরএস এর মাধ্যমে পাগলা ভাঙারে জমা দিতে হবে। উক্ত পুরাতন মালামালগুলো ওয়াসা ভবন হতে অপসারণের জন্য মালামালের তালিকা করা, লেবার দ্বারা বিভিন্ন ফ্লোর হতে জড়ো করতে হবে। পরবর্তীতে বেইজমেন্টের ময়লা-আবর্জনা অপসারণসহ পাগলা ভাঙারে মালামাল নেয়ার জন্য ট্রাকের ব্যবস্থা করে মালামালগুলো লেবার দ্বারা লোড-করে পাগলা ভাঙারে নেয়ার পর পুনরায় আনলোড করতে হবে। এ কাজে কমপক্ষে ১০জন লেবার লাগবে এবং কাজটি সম্পন্ন করতে মোট ২ দিন সময় লাগবে। প্রতিদিন প্রতিজন লেবারের মজুরী ও খাবারসহ ১,০০০/-টাকা হিসাবে (১,০০০×১০জন×২দিন)=২০,০০০/- (বিশ হাজার) টাকা ব্যয় হবে। এ ব্যয়ের প্রশাসনিক অনুমোদন প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, ওয়াসা ভবন হতে উল্লেখকৃত অপ্রয়োজনীয়/অকেজো মালামালগুলো এমআরএস (MRS) এর মাধ্যমে পাগলা কেন্দ্রীয় ভাঙারে প্রেরণসহ বেইজমেন্টের আবর্জনা ফেলার জন্য লেবার মজুরী ও খাবারসহ খরচ বাবদ সর্বমোট=২০,০০০/- (বিশ হাজার) উপ-সচিব, কমন সার্ভিস বিভাগ এর অনুকূলে অস্থায়ী অগ্রিম প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা পরবর্তীতে মূল ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

০৪। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

১৩/০৪/২৫

মোঃ ইউছুফ আলী
অফিস সুপারিনটেন্ডেন্ট (চঃ দাঃ)
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

মোঃ মোরশেদুল ইসলাম
সিহাবুল হক
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

মোঃ আলিমগীর হোসে
উপ-সচিব
কমন সার্ভিস বিভাগ
ঢাকা ওয়াসা।

মোঃ মনিরুল রহমান খান
সচিব
ঢাকা ওয়াসা

ড. মুহাঃ মনিরুজ্জামান
DMD (HR & Admin)
(প্রশাসনিক কর্মকর্তা)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা।

১৩/০৪/২৫

মোঃ মনিরুল রহমান মিয়া
ব্যবস্থাপনা পরিচালক
উপ-সচিব
ঢাকা ওয়াসা।